কুষ্টিয়াতে শ্রমিক লীগনেতা ইউসুফ আলীর স্মরণ সভা অনুষ্ঠিত

কুষ্টিয়া জেলা জাতীয় শ্রমিক লীগের সহ-সভাপতি মরহুম ইউসুফ আলী স্মরণ সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে কুষ্টিয়া আদর্শ কলেজ মোড় মহিলা শ্রমিক লীগের কার্যালয়ে অনুষ্ঠিত স্মরণ সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জাতীয় শ্রমিকলীগ কেন্দ্রীয় কমিটির কার্যনির্বাহী সদস্য ও কুষ্টিয়া জেলা জাতীয় শ্রমিক লীগের সাধারণ সম্পাদক আলহাজ্ব মোঃ আমজাদ আলী খান।

জেলা জাতীয় শ্রমিক লীগের সহ-সভাপতি মো: জিল্লুর রহমানের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন মহিলা শ্রমিক লীগের কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি মেহেরুন্নেসা বিউটি, জেলা শ্রমিক লীগের সহ-সভাপতি হাফিজুর রহমান, যুগ্ম সাধারণ সম্পাদক মো: পলাশ মিয়া, মুসা আলী খান, হামিদুল ইসলাম, শাহিনুল ইসলাম লেবু, সাংগঠনিক সম্পাদক তরিকুল হাসান মিন্টু, মাহি বিশ্বাস, প্রচার সম্পাদক আব্দুর রশিদ, পুনর্বাসন সম্পাদক সালাউদ্দিন, কুমারখালী থানা কমিটি লীগের সাধারণ সম্পাদক রাশেদুল ইসলাম সাদ্দাম, জেলা যুব শ্রমিক লীগের সদস্য সচিব শরিফুল ইসলাম রিপন, শহর শ্রমিক লীগের সাধারণ সম্পাদক মাহবুবুর রহমান, কুষ্টিয়া সদর উপজেলা শ্রমিক লীগের কার্যকরী সভাপতি বরকত আলি, যুগ্ম সাধারণ সম্পাদক গফফার আলী খানসহ ইউসুফ আলীর পরিবারের সদস্যরা ।

বক্তারা বলেন, ইউসুফ আলী একজন ভালো এবং সৎ মানুষ ছিলেন। শ্রমিক লীগের দীর্ঘ রাজনৈতিক জীবনে তিনি ট্রাক শ্রমিক ইউনিয়নের ১১১৮’র প্রতিষ্ঠাতা নেতা ছিলেন। শ্রমিকদের জন্য তিনি নিবেদিত প্রাণ ছিলেন। শ্রমিক লীগের বিভিন্ন কর্মকান্ডে তার সরব উপস্থিতি এবং বঙ্গবন্ধুর আদর্শ বুকে ধারণ করে জননেত্রী শেখ হাসিনার প্রতি আস্থা রেখে শ্রমিক রাজনীতি করেছেন। তার মৃত্যুতে জেলা শ্রমিক লীগের
যে শুন্যতা তা কখনো পোষাবার নয়।

পরে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া পরিচালনা করেন মিললাইন জামে মসজিদের পেশ ইমাম মাওলানা মোঃ মিজানুর রহমান।

কুষ্টিয়ায় কাজী আরেফসহ জাসদের ৫ নেতা হত্যা দিবসে স্মরণ সভা

কাজী আরেফ আহমেদ সহ পাঁচ জাসদ নেতার ২৪তম হত্যা দিবস উপলক্ষে কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমিতে গতকাল শনিবার সকাল ১১ টায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভাপতিত্ব করেন কুষ্টিয়া সমিল্লিত সামাজিক আন্দোলনের সভাপতি বীর মুক্তিযুদ্ধা নজরুল ইসলাম। প্রধান অতিথি হিসে সম্মিলিত সামাজিক আন্দোলনের কেন্দ্রীয় নির্বাহী সভাপতি অধ্যাপক রোবায়েত ফেরদৌস। বিশেষ অতিথি ছিলেন বিশিষ্ট গবেষক ও লেখক এ্যাডঃ লালিম হক ও সালেহ আহমেদ।

বক্তব্য রাখেন কুষ্টিয়া জেলা জাসদের সভাপতি আলহাজ্ব গোলাম মহসিন, জাসদ কেন্দ্রীয় কমিটির সদস্য জাহিদ আলম,কেন্দ্রীয় কমিটির সদস্য মিরপুর উপজেলা জাসদের সাধারণ সম্পাদক জননেতা আহাম্মদ আলী, অধ্যাপক জাহাঙ্গীর আলম সবুজ, হাসিবুর রশিদ তামিম, কমরেড হাফিজ সরকার, অধ্যাপক গোপা সরকার, খলিলুর রহমান মজু,শহীদ লোকমান হোসেনের সন্তান এ্যাডঃ আল মুজাহিদ মিঠু, সাংস্কৃতিক ব্যাক্তি কনক চৌধুরী, কুষ্টিয়া সরকারি মহিলা কলেজের সহকারী অধ্যাপক অজয় মৈত্র,শহীদ এ্যাডঃ ইয়াকুব আলী’র সন্তান জনাব ইউসুফ আলী রুসো,এ্যাডঃ সোহেলী পারভীন ঝুমুর সাধারণ সম্পাদক অরিন সাংস্কৃতিক সংসদ কুষ্টিয়া, শাফি আব্দুল্লাহ রিডিং সার্কেল কুষ্টিয়া,সাংবাদিক হাসান আলী, মিরপুর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান শেখ মোহাম্মদ বাহাদুর, কুষ্টিয়া সদর উপজেলা জাসদের সভাপতি বীর মুক্তিযুদ্ধা আমিরুল ইসলাম মুকলু, কুষ্টিয়া আদর্শ কলেজের সহকারী অধ্যাপক কবি ও লেখক দিলশাদ বেগমসহ বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক, ছাত্রলীগ, যুবজোট, নারীজোট ও জাসদের সর্বস্তরের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। সভা পরিচালনা করেন কুষ্টিয়া জেলা জাসদের নেতা কারশেদ আলম।

নেতৃবৃন্দ জাতীয় নেতা কাজী আরেফ আহমেদ সহ পাঁচ জাসদ নেতা হত্যার সাজাপ্রাপ্ত পলাতক আসামীদের গ্রেপ্তার করে রায় কার্যকর করার দাবি

জানান,একই সাথে সামপ্রদায়িক স্বাধীনতা বিরোধী অপশক্তি,দুর্নীতি দখলবাজদের মোকাবিলা করে – মুক্তিযুদ্ধের চেতনায় সমাজ বিনির্মানে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। সম্মিলিত সামাজিক আন্দোলন সারাদেশে কাজী আরেফ আহমেদের স্বপ্ন বুকে ধারন করেই সামাজিক সন্ত্রাসী রাজাকারদের বিরুদ্ধে আন্দোলন সংগ্রাম গড়ে তুলবে।

ডা.এস এ মালেকের মৃত্যুতে ঝিনাইদহ বঙ্গবন্ধু পরিষদের স্মরণ সভা

বঙ্গবন্ধু পরিষদের কেন্দ্রীয় সভাপতি ও বাংলাদেশ আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য বীর মুক্তিযোদ্ধা বঙ্গবন্ধু পরিষদের প্রাণশক্তি ডা. এস এ মালেকের মৃত্যুতে ঝিনাইদহে বঙ্গবন্ধু পরিষদের উদ্যোগে স্মরণ সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকালে বঙ্গবন্ধু পরিষদ ঝিনাইদহ জেলা শাখার আয়োজনে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে এই স্মরণ সভা ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

স্মরণসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানে প্রধান আলোচক হিসেবে ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগ সাধারণ সম্পাদক, ঝিনাইদহ পৌরসভার সাবেক মেয়র জননেতা সাইদুল করিম মিন্টু।

ঝিনাইদহ জেলা বঙ্গবন্ধু পরিষদের সভাপতি প্রফেসর ডক্টর এ.এইচ.এম আকতারুল ইলামের সভাপতিত্বে আলোচনা সভা ও দোয়া মাহফিলে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু পরিষদের কেন্দ্রীয় কমিটির সম্মানিত সদস্য অধ্যাপক আবেদ আলী।

এছাড়াও আরো উপস্থিত ছিলেন, ঝিনাইদহ পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বিশ্বাস, জেলা বঙ্গবন্ধু পরিষদের সাধারণ সম্পাদক মোঃ হাফিজুর রহমান, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের যুব ও ক্রীড়া সম্পাদক ও সরকারি কৌশুলি (জি. পি) অ্যাড. বিকাশ কুমার

ঘোষ, জেলা যুবলীগের আহবায়ক আশফাক মাহামুদ জন, ঝিনাইদহ পৌর আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক কাজী কামাল আহমেদ বাবু ও জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আল ইমরান প্রমূখ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ঝিনাইদহ প্রেসক্লাবের সাহিত্য সম্পাদক ও বঙ্গবন্ধু পরিষদ, ঝিনাইদহ জেলা শাখার যুগ্ম-সাধারণ সম্পাদক পিন্টু লাল দত্ত। আলোচনা শোষ মিলাদ ও দোয়া পরিচালনা করেন জামে মসজিদের ইমাম।

প্রধান অতিথির বক্তব্যে ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু বলেন, বাংলাদেশের রাজনৈতিক অঙ্গনের পুরোধা ব্যক্তিত্ব, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রাজনৈতিক সহযোদ্ধা এবং তাঁর আদর্শ ও সততার ধারক ও বাহক, মুক্তিযুদ্ধের সংগঠক বীর মুক্তিযোদ্ধা ডা. এস এ মালেকের মৃত্যুতে দেশের রাজনৈতিক অঙ্গন তো বটেই, দেশের বুদ্ধিবৃত্তিক চর্চা এবং বঙ্গবন্ধুর আদর্শ প্রসার ও বিস্তারের অঙ্গনে এক অপূরণীয় ক্ষতি হয়েছে।

বক্তারা, বঙ্গবন্ধু পরিষদ-ঝিনাইদহ জেলার অগ্রযাত্রা ও কার্যক্রমে মহান ব্যক্তিত্ব ডা. এস এ মালেকের প্রত্যক্ষ ও পরোক্ষ অবদানকে আজকের এই স্মরণসভায় শ্রদ্ধাভরে স্মরণ করেছেন।